

সারাদেশ

শাহবাজপুরে মাদ্রাসা-মসজিদের জায়গা অধিগ্রহণের প্রতিবাদে মানববন্ধন

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ছবি প্রতিনিধি

ব্রাহ্মণবাড়িয়ার সরাইল উপজেলার শাহবাজপুরে ঐতিহ্যবাহী জামিয়া ইসলামিয়া দারুল উলুম মাদ্রাসা ও মসজিদের জায়গা দ্বিতীয় দফায় অধিগ্রহণের প্রতিবাদে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার (২১ আগস্ট) মহাসড়কের পাশে আয়োজিত এ কর্মসূচিতে মাদ্রাসার শিক্ষক, শিক্ষার্থী ও স্থানীয় বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশ নেন।

মানববন্ধনে সভাপতিত্ব করেন পীরেতরিকত শায়খুল হাদিস আবদুল কুদ্দুস। এ সময় বক্তব্য দেন বিএনপির সরাইল উপজেলা শাখার সিনিয়র সহসভাপতি ও জেলা বিএনপির সহসভাপতি মোহাম্মদ রিপন মিয়া, শাহবাজপুর ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান রাজীব আহমেদ রাজি, মাদ্রাসার নায়েবে মোতাওয়াল্লি কামরুল হাসান লিটন, সদস্য শাহ আলম মিয়া, মুফতি সালমান কাসেমী ও মুফতি শাহ আবদুল কুদ্দুসসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তির।

বক্তারা বলেন, ঐতিহ্যবাহী এ মাদ্রাসা ও মসজিদের জায়গা অধিগ্রহণের উদ্যোগে স্থানীয়দের মধ্যে উদ্বেগ ও ক্ষোভ সৃষ্টি হয়েছে। তাঁরা মাদ্রাসা ও মসজিদের জায়গা অধিগ্রহণের সিদ্ধান্ত পুনর্বিবেচনার দাবি জানান। একই সঙ্গে প্রতিষ্ঠানটির ঐতিহ্য, ধর্মীয় ও শিক্ষাগত গুরুত্ব বিবেচনায় নিয়ে জায়গাটি অধিগ্রহণের আওতার বাইরে রাখার আহ্বান জানান।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক
গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে ইমাম-ওলামা মাশায়েখ সম্মেলন ও সোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ
পাবনার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ডেইরির ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গু...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু
সুনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা
ছাত্রদের আশ্রয়ক মো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/shahbajpure-madrassa-msjider-jayga-odhigrhner-prtibade-manbbndhn>